



তামিমা সুলতানা

উপ-পরিচালক

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

তামিমা সুলতানা ১৯৮৭ সালের ৩১ ডিসেম্বর ফেনী শহরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মোহাম্মদ ইউনুছ একজন অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা এবং মাতা ফরিদা ইয়াসমিন গৃহিণী। তিনি ফেনী সরকারি বালিকা উচ্চবিদ্যালয় থেকে মাধ্যমিক এবং ভিকারুননিসানুন কলেজ থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিষয়ে কৃতিত্বের সাথে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে মাস্টার্স ইন হিউম্যান সিকিউরিটি ডিগ্রিও অর্জন করেন।

পেশাগত দক্ষতাঃ

জনাব তামিমা সুলতানা ৩৪তম বিসিএস এর মাধ্যমে ২০১৬ সালে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী-তে যোগদান করেন।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী-তে যোগদান করে তিনি সহকারী জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা (টিডিপি), কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ভিটিসি, গাজিপুর ও সহকারী পরিচালক (এস্টেট), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর-এ কর্মরত ছিলেন।

প্রশিক্ষণঃ

জনাব তামিমা সুলতানা বিসিএস প্রশাসন একাডেমী, শাহবাগ থেকে A-৬৪তম বুনিয়াদী প্রশিক্ষণ সম্পন্ন করেন। পরবর্তীতে বিসিএস (আনসার) এর ১৫ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ আনসার একাডেমী, শফিপুর থেকে সম্পন্ন করেন। এছাড়াও NAPD থেকে ল্যাঙ্কুয়েজ কোর্স এবং এটুআই (a2i) er অধীনে ইনোভেশন কর্মশালায় অংশগ্রহণ করেন।

সামাজিক কর্মকান্ডঃ

জনাব তামিমা সুলতানা বিসিএস উইমেন নেটওয়ার্কের নির্বাহী কমিটির সদস্য, ৩৪ তম বিসিএস গুপ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের এলামন্যাই অ্যাসোসিয়েশন, উইমেন এ্যান্ড জেন্ডার স্টাডিস এলামন্যাই অ্যাসোসিয়েশন, কণ্ঠশীলন এলামন্যাই অ্যাসোসিয়েশন এর সক্রিয় সদস্য।

গবেষণা ও প্রকাশনাঃ

- Title: Environmental Degradation & Internal migration of women in Bangladesh

Author: Sultana, Tamima

Publisher: LAP Lambert Academic Publishing

ISBN 13: 9783847313779

Published On: 2011-12

- Expectations, Realities and Coping Strategies of Elderly Women in a Village of Bangladesh

Tamima Sultana

Bangladesh Development Research Center (BDRC)

Date Written: December 1, 2011

- Challenges and Opportunities of female Sadharan Ansars

ব্যক্তি জীবনঃ

জনাব তামিমা সুলতানা ২০১২ সালে মোঃ আহমেদুল ইসলাম-এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তাঁর স্বামী বিসিএস ২৯ ব্যাচের একজন পুলিশ কর্মকর্তা। বর্তমানে তিনি ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার হিসেবে কর্মরত আছেন। ব্যক্তি জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জননী।